দৈনিক সংবাদ

তারিখ ... AUG 2 1 19[illegible] ...
পৃঃ ৭ কলাম ২

41

# নড়াইলে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও বিক্ষোভ মিছিল

নড়াইল থেকে সংবাদদাতা ঃ চাকরি জাতীয়করণ ও ১০০ ভাগ সরকারি শিক্ষক-দের ন্যায় সমস্ত সুযোগ-সুবিধার দাবি আদায়ের লক্ষ্যে নড়াইল রেজিঃ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি গত ১৭ই আগস্ট এক বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। বিক্ষোভ মিছিলটি নড়াইল ডাকবাংলো চত্বর থেকে শুরু করে রূপগঞ্জ প্রেসক্লাব হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে শেষ হয়। শিক্ষক সমিতি ১ ঘন্টা অবস্থান ধর্মঘটশেষে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে। ডাকবাংলো চত্বরে বিক্ষোভ সমাবেশে বক্তৃতা করেন সমিতির সভাপতি মোঃ আসাদুজ্জামান, সম্পাদক হুমায়ুন করিম, মশিউর রহমান, শুকুর মোল্যা, মোঃ রফিকউদ্দিন সরদার, মোঃ মিজানুর রহমান মিজান প্রমুখ।